



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৭.২০.১৭৫

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

১১ জুন ২০২০

বিষয়: জমশেদ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ, শেরপুর এর ডিগ্রি স্তরের শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তির ব্যাপারে অভিযোগ নিষ্পত্তিতে আইনী নির্দেশন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিচালক, আঞ্চলিক কার্যালয় ময়মনসিংহ এর স্মারক নং মাউশি/ময়/২০১৬/৮৭৫; তারিখ- ০৭/০৬/২০২০খ্রি. মোতাবেক জমশেদ আলী মেমোরিয়াল ডিগ্রি কলেজ, শেরপুর এর ডিগ্রি স্তরের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির ব্যাপারে অভিযোগ নিষ্পত্তিতে আইনি নির্দেশনা চেয়ে আবেদন করেছেন।

শেরপুর জেলার জমশেদ আলী মেমোরিয়া ডিগ্রি কলেজ এর ডিগ্রি পর্যায়ের শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও মঞ্জুরীর বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা লিখিত মতামত প্রদান করেন। তার মতামত নিম্নরূপ-

জমশেদ আলী মেমোরিয়া ডিগ্রি কলেজ এর ডিগ্রি পর্যায়ের শিক্ষক-কর্মচারীদের নাম এম.পি.ও তালিকায় অন্তর্ভুক্তির বিষয়ে প্রেরণ করা হয়। এখানে দেখা যাচ্ছে যে, বর্ণিত প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ বিগত ১৮/০৫/২০২০ তারিখে শেষ হয়। পরবর্তীতে COVID-19 পরিস্থিতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয় পূর্বের এডহক কমিটির মেয়াদ বর্ধিত করেন। এদিকে কমিটির বিরুদ্ধে জনাব শাহানা সুলতানা বাদী হয়ে স্থানীয় যুগ্ম জেলা জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা ৩৬/২০২০ দায়ের করেন। উক্ত মোকদ্দমায় তিনি মাননীয় আদালতের নিকট কমিটির বিষয়ে নিষেধাজ্ঞা প্রার্থনা করেন। মাননীয় আদালত নিষেধাজ্ঞা না মঞ্জুর করলে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল ডিভিশন নং- ৬৫১/২০২০ দায়ের করেন। উক্ত ডিভিশন মামলায় মহামান্য আদালত এডহক কমিটির বিষয়ে স্থিতাবস্থা (status-quo) জারী করেন। যাই হোক, বর্তমান মহামান্য হাইকোর্টের আদেশের সাথে শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও মঞ্জুরীর প্রস্তাব প্রেরণের বিষয়টির কোন প্রাসঙ্গিকতা (relevancy) নেই। এ অবস্থায় বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো, অত্র অধিদপ্তরের পক্ষ থেকে বর্ণিত কলেজের ডিগ্রি পর্যায়ের শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও মঞ্জুরীর বিষয়টি জনবল কাঠামো অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এ বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নির্দেশক্রমে অবহিত করা হইল।

১১-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল।
- ২) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৩) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও


উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৭.২০.১৭৫/১

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭
১১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ, জমশেদ আলী মেমোরিয়াল কলেজ, শেরপুর।



১১-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক